# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৫২

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস, হাদীস বিষয়ে অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, কোন ব্যক্তি যদি মৃত্যু বরণ করে এমন অবস্থায় যে, সে এই নশ্বর দুনিয়ার স্বর্ণ রেখে গিয়েছে, তবে তার জন্য জাহান্নাম অবধারিত

ذِكْرُ خَبَرٍ أَوْهَمَ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْحَدِيثِ أَنَّ النَّارَ تَجِبُ لِمَنْ مَاتَ وَقَدْ خَلَّفَ الصَّفْرَاءَ مِنْ هَذِهِ الدُّنْيَا الْفَانِيَةِ الزَّائِلَةِ

---

আরবী

3252 - أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ عَلِيِّ بْنِ عَبْدِ الْعَزِيزِ الْعُمَرِيُّ بِالْمَوْصِلِ حَدَّثَنَا مُعَلَّى بْنُ مَهْدِيٍّ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ عَاصِمٍ عَنْ أَبِي وَائِلٍ: عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: تُوُفِّيَ رَجُلٌ مِنْ أَهْلِ الصُّفَّةِ فَوَجَدُوا فِي شَمْلَتِهِ دِينَارَيْنِ فَذَكَرُوا ذَلِكَ لِلنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (كَيَّتَانِ)

الراوي : عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3252 | خلاصة حكم المحدث: حسن صحيح - ((التعليق الرغيب)) (2/ 43).

বাংলা

৩২৫২. আব্দুল্লাহ বিন মাসঊদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আহলে সুফফার এক ব্যক্তি মারা যায়, অতঃপর সাহাবীগণ তার চাদরে দুই দীনার পান। অতঃপর তারা বিষয়টি আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে অবহিত করেন। তখন তিনি বলেন, “এই দুটি দ্বারা তাকে সেক দেওয়া হবে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৪৫৭; আবূ ইয়ালা: ৫০৩৭; বাযযার: ৩৬৫২; হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ১০/২৪০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আত তা‘লীকুর রাগীব: ২/৪৩)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92583

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন